# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৫৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৮]

পর্ব-৫: সালাত প্রসঙ্গ (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩: সালাত কেমন করে ফরয হয়েছে?

باب كيف فرضت الصلاة

---

আরবী

أَخْبَرَنَا يُوسُفُ بْنُ سَعِيدٍ، قال: حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ، قال: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الشُّعَيْثِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ، عَنْ أُمَيَّةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ خَالِدِ بْنِ أَسِيدٍ، أَنَّهُ قَالَ لِابْنِ عُمَرَ: كَيْفَ تَقْصُرُ الصَّلَاةَ، وَإِنَّمَا قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ: فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَنْ تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ سورة النساء آية 101 ؟ فَقَالَ ابْنُ عُمَرَ: يَا ابْنَ أَخِي، إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَانَا وَنَحْنُ ضُلَّالٌ فَعَلَّمَنَا، فَكَانَ فِيمَا عَلَّمَنَا أَنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ أَمَرَنَا أَنْ نُصَلِّيَ رَكْعَتَيْنِ فِي السَّفَرِ . قَالَ الشُّعَيْثِيُّ: وَكَانَ الزُّهْرِيُّ، يُحَدِّثُ بِهَذَا الْحَدِيثِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ.

تخريج دارالدعوه: سنن ابن ماجہ/إقامة ٧٣ (١٠٦٦)، مسند احمد ٢/٩٤، ١٤٨، ويأتي عند المؤلف (برقم: ١٤٣٥) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 458 - صحيح

বাংলা

৪৫৭. ইউসুফ ইবনু সাঈদ (রহ.) ..... উমাইয়াহ্ ইবনু ’আবদুল্লাহ ইবনু খালিদ ইবনু আসীদ (রহ.) হতে বর্ণিত। তিনি আবদুল্লাহ ইবনু উমার (রাঃ)-কে জিজ্ঞেস করলেন, আপনি কেমন করে সালাত কসর করেন, আর আল্লাহ তো বলেছেন, “তোমরা যদি (কাফিরদের) ভয়ের আশংকা কর তা হলে সালাত কসর করলে গুনাহ হবে না।” ইবনু উমার (রাঃ) বললেন, ভাতিজা! রাসূলুল্লাহ (সা.) -এর আবির্ভাব আমাদের মাঝে এমন অবস্থায় হয়েছে যে, তখন আমরা বিপথগামী ছিলাম। অতঃপর তিনি আমাদের শিক্ষা দিয়েছেন, আর তাঁর শিক্ষার মধ্যে এটা ছিল যে, আল্লাহ আমাদেরকে সফরে সালাত দুই রাক’আত করে আদায় করার নির্দেশ দিয়েছেন। শু’আয়সী বলেছেন, ইমাম

যুহরী আবদুল্লাহ ইবনু আবূ বকর (রাঃ) হতে এ হাদীস বর্ণনা করতেন।

## English

3. How The Salah Was Made Obligatory

It was narrated that Umayyah bin 'Abdullah bin Khalid bin Asid said to Ibn 'Umar: How can the Salah be shortened as Allah says: There is no sin on you if you shorten As-Salah (the prayer) if you are in fear? [1] Ibn 'Umar said: O son of my brother! The Messenger of Allah (ﷺ) came to us when we had gone astray and he taught us. One of the things that he taught us was that Allah, the Mighty and Sublime, has commanded us to pray two Rak'ahs when traveling. [1] An-Nisa' 4:101.

### ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ১০৬৬, সহীহ ইবনু খুযায়মাহ ৯৪৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86730

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন